Department of Education
Chancellor David C. Banks

3 জানুয়ারি, 2022

প্রিয় পরিবারবর্গ,

আমরা আশা করছি আপনি ছুটির দিনগুলোতে বিশ্রাম করতে এবং প্রিয়জনদের সাথে সময় কাটাতে পেরেছেন। আমরা যখন শিক্ষার্থীদেরকে তাদেরকে তাদের একান্ত প্রাপ্য শীতের ছুটি শেষে আমাদের ক্লাসরুমে স্বাগত জানাচ্ছি, তখন অব্যাহতভাবে আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার হলো আমাদের শিক্ষার্থী, পরিবার ও স্টাফদের  সুস্থতা ও নিরাপত্তা। এই লক্ষ্যে, শিক্ষার্থী ও স্টাফদের সুস্থতা ও নিরাপত্তা নিশ্চিত করা এবং স্কুল অব্যাহতভাবে খোলা রাখার জন্য আমরা সুস্থতা ও নিরাপত্তার বাড়তি পদক্ষেপ গ্রহণ করছি।

সিটি এবং স্টেটের গণস্বাস্থ্য সহকর্মীদের সাথে যৌথভাবে এবং ফেডারেল ও বৈজ্ঞানিক নির্দেশনার ভিত্তিতে নিম্নলিখিত সর্বশেষ পরিবর্তন করা হয়েছে।

## হোম টেস্ট কিট

- 3 জানুয়ারি থেকে শুরু করে **যেসব শিক্ষার্থী বা স্টাফদের মাঝে COVID-এর অনুরূপ লক্ষণ দেখা যাবে কিংবা যে ক্লাসের কারও সংক্রমণ নিশ্চিত হওয়া যাবে, তেমন ক্লাসের সবার মাঝে** স্কুলগুলো বিনামূল্যে বাড়িতে নিয়ে যাওয়ার জন্য রেপিড টেস্ট কিট বিতরণ করবে।
- যদি আপনার সন্তান স্কুলে COVID-19 **সংক্রমিত হয়ে থাকে**, তাহলে অনুগ্রহ করে আপনার সন্তানকে সেই দিন বাড়িতে প্রথম পরীক্ষা করতে সহায়তা করবেন এবং আপনার সন্তানকে সংক্রমণের বা প্রথম লক্ষণ দেখা যাওয়ার পাঁচদিন পর সহায়তা করুন দ্বিতীয় পরীক্ষা সম্পন্ন করতে।
    - আপনার সন্তান পরীক্ষার ফল অনুযায়ী সংক্রমণমুক্ত হলে এবং COVID-19-এর লক্ষণ অনুভব না করলে স্কুলে যাওয়া অব্যাহত রাখতে পারে।
    - পঞ্চম দিনের আগে যদি আপনার সন্তানের COVID-এর মতো লক্ষণ থাকে বা অসুস্থ বোধ করে, তাকে আলাদা রাখুন এবং অবিলম্বে দ্বিতীয় পরীক্ষা নিন।
    - যদি আপনার সন্তান উভয় পরীক্ষাতে সংক্রমণ পাওয়া যায়, তাহলে আপনার সন্তানকে পরীক্ষায় প্রথম সংক্রমণ ধরা পরার পরবর্তী 10 দিন আলাদা করে রাখুন। অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলে জানাবার এবং পরবর্তী নির্দেশনা পাওয়ার জন্য যোগাযোগ করুন।
- যদি স্কুলে আপনার সন্তানের COVID-19-এর **লক্ষণ দেখা গিয়ে থাকে,** অনুগ্রহ করে আপনার সন্তানকে **অবিলম্বে** প্রথম পরীক্ষাটি করতে সহায়তা করুন এবং আপনার সন্তানকে দ্বিতীয় পরীক্ষা করতে সহায়তা করুন **24 ঘণ্টা পরে।**
    - আপনার সন্তান পর পর 24 ঘণ্টার মধ্যে বাড়িতে নেওয়া উভয় পরীক্ষায় সংক্রমণ নেই ফলাফল না পাওয়ার এবং 24 ঘণ্টার জন্য জ্বর কমানোর ওষুধ সেবন ছাড়া জ্বরমুক্ত না থাকা পর্যন্ত, **অথবা** একটি PCR COVID পরীক্ষায় সংক্রমণ নেই বলে ফল পাওয়া পর্যন্ত স্কুলে যেতে পারবে না।
    - যদি আপনার সন্তান উভয় পরীক্ষাতে সংক্রমণ পাওয়া যায়, তাহলে আপনার সন্তানকে পরীক্ষায় প্রথম সংক্রমণ ধরা পরার পরবর্তী 10 দিন আলাদা করে রাখুন। অনুগ্রহ করে অবিলম্বে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন এবং ফলাফল অবহিত করুন।
- বাড়িতে নিয়ে যাওয়া টেস্ট-এ কোন শিক্ষার্থীর সংক্রমণ নিশ্চিত হলে অবিলম্বে স্কুলে জানাতে ও আলাদা থাকা শুরু করতে হবে। যেসব শিক্ষার্থীর সংক্রমণ নিশ্চিত হবে, তাদেরকে অবশ্যই 10 দিন আলাদা থাকতে হবে এবং 11 দিনের দিন স্কুলে ফিরতে পারবে। স্কুলে ফিরতে তাদের সংক্রমণমুক্ত (নিগেটিভ) টেস্ট-এর প্রয়োজন হবে না।

- স্মরণ করিয়ে দিচ্ছি, স্কুল ভবনে প্রবেশ করতে হলে সকল শিক্ষার্থী, স্টাফ এবং দর্শনার্থীদেরকে অবশ্যই DOE স্বাস্থ্য যাচাইকরণ উত্তীর্ণ হতে হবে। যেসব শিক্ষার্থী বাড়িতে পরীক্ষার জন্য রেপিড টেস্ট কিট গ্রহণ করেন, তাদের পরীক্ষার রেপিড ফল জানাবার জন্য স্বাস্থ্য যাচাইকরণে বাড়তি প্রশ্ন যোগ করা হবে। এসব শিক্ষার্থীর স্কুলে প্রবেশের জন্য অপর কোনো সংক্রমণমুক্ত (নিগেটিভ) ফল এর প্রমাণ দেওয়া বাধ্যতামূলক নয়।

## নতুন কোয়ারেন্টাইন (আলাদা অবস্থান) নীতি

আমাদের লক্ষ্য হলো এটা নিশ্চিত করা যে শিক্ষার্থীরা স্কুলে যতটুকু সম্ভব নিরাপদ আছে, এবং সে লক্ষ্য অর্জনে আমরা আমাদের নীতি হালনাগাদ করেছি। এর অর্থ হলো, যদি কোনো প্রমাণিত সংক্রমণের কেইস ক্লাসে পাওয়া যায়:

- কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য, ভ্যাকসিনবিহীন বা পূর্ণ-ভ্যাকসিনহীন যেসব শিক্ষার্থী কোনও সংক্রমণযুক্ত (পজিটিভ কেইস) কারও ঘনিষ্ট সংস্পর্শে ছিল তাদেরকে আর কোয়ারেন্টাইন (আলাদা অবস্থান) করতে হবে না এবং তাদের মাঝে কোনো লক্ষণ দেখা না গেলে তারা স্কুলে যাওয়া অব্যাহত রাখতে পারবে এবং তাদেরকে একটি COVID সংক্রমণের ফলাফল দেখাতে হবে না। এর স্থলে, সে ক্লাসরুমের সকল শিক্ষার্থী ও প্রাপ্ত বয়স্করা একটি করে বাড়িতে নিয়ে যাওয়ার র্যাপিড টেস্ট কিট পাবে এবং পাঁচ দিনের ব্যবধানে পরীক্ষা সম্পন্ন করবে।
- 3-K এবং প্রি-K শিক্ষার্থীদের জন্য কোয়ারেন্টাইন (আলাদা অবস্থান) নীতি একই থাকবে, অর্থাৎ 3-K এবং প্রি-K শিক্ষার্থীদের যারা কোনো  সংক্রমণযুক্ত (পজিটিভ কেইস) কারও ঘনিষ্ট সংস্পর্শে ছিল, তাদেরকে তারপরও 10 দিনের জন্য কোয়ারেন্টাইন (আলাদা অবস্থান) করতে হবে।

## স্কুল-অভ্যন্তরে বর্ধিত নজরদারি পরীক্ষা

আমাদের শিক্ষার্থী, পরিবার এবং স্টাফদের নিরাপত্তা অধিকতর নিশ্চিত করার জন্য স্কুল-অভ্যন্তরে বর্ধিত নজরদারি পরীক্ষা কর্মসূচি সম্প্রসারণ করা হচ্ছে যাতে প্রতিটি স্কুলে ভ্যাকসিন গ্রহণকারী ও না গ্রহণকারীসহ পরীক্ষা গ্রহণকারী ব্যক্তির সংখ্যা  গ্রেড 1 এবং উর্ধ্বতন গ্রেডে দ্বিগুণ করা হয়। নির্বিচারে স্কুল-অভ্যন্তরে বর্ধিত নজরদারি পরীক্ষা জনস্বাস্থ্য বিশেষজ্ঞদেরকে স্কুলগুলোতে বিরাজমান COVID-19 সংক্রান্ত অবস্থার একটি সঠিক চিত্র তুলে ধরবে। যেসব পরিবার, তাদের সন্তান ভ্যাকসিন গ্রহণ করুক বা না করুক,  এখনও সম্মতিপত্র জমা দেননি, তাদেরকে উৎসাহিত করা হচ্ছে তাদের NYC স্কুলস্ অ্যাকাউন্ট-এর মাধ্যমে (schoolsaccount.nyc) অথবা সই করা কাগজের ফর্ম-এর মাধ্যমে স্কুল-অভ্যন্তরে পরীক্ষায় সম্মতি প্রদানের  জন্য। শিক্ষার্থীদের পরীক্ষা করা সংক্রান্ত বাড়তি তথ্য এবং বহু ভাষায় সম্মতি ফর্ম-এর ছাপাযোগ্য সংস্করণ পাওয়া যাবে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) ওয়েবসাইটে: schools.nyc.gov/covidtesting

স্কুলগুলো খোলা ও কমিউনিটিকে নিরাপদ রাখার ক্ষেত্রে পরীক্ষা হলো একটি গুরুত্বপূর্ণ বিষয়। যেসব পরিবার পরীক্ষার জন্য ইতোমধ্যে সম্মতি প্রদান করেছেন, সেজন্য এবং আমাদের স্কুল-অভ্যন্তরে পরীক্ষা করার কর্মসূচিতে অংশগ্রহণ করে সহযোগিতার জন্য তাদেরকে ধন্যবাদ!

## COVID-19 পরীক্ষা কেন্দ্রসমূহ

- ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) পাঁচটি বরো জুড়ে নতুন নতুন টেস্টিং সাইট চালু করা অব্যাহত রেখেছে। সকল শিক্ষার্থী, ভ্যাকসিন গ্রহণকারী হোক-বা না হোক, যাতে PCR, ল্যাব-ভিত্তিক রেপিড টেস্ট, কিংবা একটি হোম টেস্ট কিট (বাড়িতে পরীক্ষা করার উপকরণ)-এর মাধ্যমে অব্যাহতভাবে COVID-19 পরীক্ষা করতে থাকে, আমরা সেটা *জোরালো সুপারিশ করি।* বাড়িতে করার রেপিড টেস্ট আছে, তেমন টেস্টিং সাইটসহ সকল সাইটগুলোর একটি তালিকা পেতে হলে 212-COVID19 নম্বরে ফোন করুন, nyc.gov/covidtest, ওয়েবপেজ দেখুন, কিংবা "COVID TEST" লিখে 855-48 নম্বরে টেক্সট করুন, অথবা নিকটস্থ টেস্ট সাইটের ঠিকানা পেতে 311 নম্বরে ফোন করুন।
- তদুপরি. অনেক ফার্মেসি এবং ডাক্তারের অফিস COVID-19 টেস্ট করার সুযোগ দিচ্ছে। অনুগ্রহ করে আপনি একটি টেস্ট-এর সময়সূচি ঠিক করতে পারেন কি না, সেটা জানতে আপনার শিশু চিকিৎসকের কাছে বা স্থানীয় ফার্মেসিতে খোঁজ নিন।

**Department of Education**
Chancellor David C. Banks

আমরা জানি যে আপনার সন্তানকে একটি স্বাস্থ্যসম্মত ও নিরাপদ পরিবেশে লেখাপড়া করতে স্কুলে দেওয়ার চাইতে আপনার কাছে অধিক গুরুত্বপূর্ণ কিছু নেই। আজ যে পরিবর্তনের ঘোষণা আমরা দিচ্ছি, তার লক্ষ্য হলো, শিক্ষার্থীদেরকে যতটুকু সম্ভব কম বিঘ্নের মুখোমুখি করে, তাদের নিরাপত্তার বিষয় আগে ও কেন্দ্রীয়ভাবে বিবেচনায় রেখে তাদেরকে আমাদের ক্লাসরুমে রাখা।

অবস্থার পরিবর্তন হলে আমরা আপনাকে জানানো অব্যাহত রাখবো এবং এসব পরিবর্তিত নীতি ও প্রক্রিয়া সম্পর্কে আপনার মতামত শুনবো। আমাদের ছেলেমেয়েদের স্কুল ও স্টাফদের নিরাপদ রাখায় আমাদের সাথে অংশীদার হওয়ার জন্য আপনাকে অগ্রিম ধন্যবাদ।

অংশীদারিত্বে,

ডেভিড সি ব্যাংকস্ (David C. Banks)
নিউ ইয়র্ক সিটি স্কুলস্ চ্যান্সেলর